**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
www.pressinform.gov.bd

বিষয় : **অংশীজনের অংশগ্রহণে সভা'র কার্যবিবরণী।**

সভাপতি : জনাব সুরথ কুমার সরকার, প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
তারিখ : ১৪.১২.২০২০ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : তথ্য অধিদফতরের সম্মেলনকক্ষ।

সভায় উপস্থিত তথ্য মন্ত্রণালয় ও মন্ত্রণালয়াধীন বিভিন্ন অধিদপ্তর/সংস্থার প্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সরকারের প্রচার ও উন্নয়ন কর্মকাণ্ডের তথ্যাদি জনগণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে **অংশীজনের অংশগ্রহণে সভা** অনুষ্ঠিত হচ্ছে মর্মে বিভিন্ন অধিদফতর/সংস্থার পারস্পরিক সহযোগিতা কামনা করেন। উপস্থিত কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | অংশীজন:<br>তথ্য মন্ত্রণালয় | তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি মন্ত্রণালয়াধীন সকল অধিদপ্তর/সংস্থার কর্মকর্তাদের PID BD ফেইসবুক আইডিতে যুক্ত হওয়ার বিষয়ে মতামত ব্যক্ত করেন। এতে সরকারের প্রচার সংক্রান্ত বিষয়ে যথেষ্ট view হবে এবং আন্ত:অফিস যোগাযোগ বৃদ্ধি পাবে। এছাড়া, শুদ্ধাচার বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদনে যথাযথ প্রমাণকসহ প্রতিবেদন জমা দেয়ার অনুরোধ জানানো হয়। তথ্য মন্ত্রণালয়ের ব্যবস্থাপনায় সকল দপ্তরের অংশগ্রহণে বাণিজ্য মেলা/বইমেলায় স্টল বরাদ্দ নেয়ার সহযোগিতা কামনা করা হয়। | PID BD ফেসবুকে যুক্ত হওয়ার বিষয়ে তথ্য মন্ত্রণালয়াধীন সকল অধিদপ্তর/সংস্থার কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো হবে। বিভিন্ন অধিদফতর/সংস্থা যথাসময়ে বাণিজ্য মেলা/বই মেলায় স্টল বরাদ্দের জন্য তথ্য মন্ত্রণালয়ে প্রস্তাবনা প্রেরণ করবে। | উপসচিব (প্রশাসন-৪), তথ্য মন্ত্রণালয়<br>ও<br>ওয়েব এডমিন, তথ্য অধিদফতর |
| ০২ | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর<br>ক) পত্রিকার সার্কুলেশন বিষয়ক তথ্যাদি প্রেরণ;<br>খ) ক্রোড়পত্রে সহযোগিতা;<br>গ) ডিএফপির প্রকাশনা সরবরাহ/বিতরণ। | ডিএফপি'র প্রতিনিধি জানান, ডিএফপির মিডিয়া তালিকাভূক্তি এবং পত্রিকার প্রচার সংখ্যার হালনাগাদ তথ্যাদি ডিএফপি'র ওয়েব সাইটে প্রকাশ করা হয়। এর হার্ডকপি প্রেরণ, ক্রোড়পত্রের প্রাথমিক ডিজাইনে ডিএফপির ডিজাইনারকে সম্পৃক্ত করতে পিআইডি অনুরোধ জানায়। ২০২১ সালের জন্য ডিএফপি ক্যালেন্ডার তৈরিতে পিআইডি হতে ছবি সরবরাহ এবং ডিএফপির প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তাদের এ্যাক্রিডিটেশন কার্ড প্রদানের বিষয়ে আলোচনা হয়। এছাড়া, পিআইডির মাধ্যমে ডিএফপির বিভিন্ন প্রকাশনা বিতরণ অব্যাহত আছে মর্মে সভায় জানানো হয়। | আলোচিত বিষয়ে পিআইডি এবং ডিএফপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর<br>এবং<br>মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর |

চলমান পাতা-০২

NIS Forwarding Nikosh-2017

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | অংশীজন: | | | |
| ০৩ | গণযোগাযোগ অধিদপ্তর<br>ক) জেলা পর্যায়ের সাংবাদিকদের হালনাগাদ তালিকা প্রণয়ন/সরবরাহ;<br>খ) ইস্যুভিত্তিক যৌথ মিডিয়া সেন্টার স্থাপন। | জেলা/বিভাগীয় পর্যায়ের সাংবাদিকদের হালনাগাদ তালিকা তৈরি, শিক্ষা, স্বাস্থ্য, বিনোদন বিষয়ক জনসচেতনতামূলক TVC/বিভিন্ন কনটেন্ট সরবরাহ এবং জেলা তথ্য অফিসের কর্মকর্তাদের সংবাদ লিখন বিষয়ে প্রশিক্ষণ আয়োজন ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। তথ্যবিবরণী ইস্যুর সুবিধার্থে গণযোগাযোগ অধিদপ্তরের জেলা পর্যায়ের সকল সংবাদ গণযোগাযোগ অধিদপ্তরের ওয়েব সাইটের নিউজ কর্ণারে আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। | তথ্য অধিদফতর এবং গণযোগাযোগ অধিদপ্তর বর্ণিত বিষয়গুলো পারস্পারিক সহযোগিতার মাধ্যমে অব্যাহত রাখবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর এবং মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর |
| ০৪ | বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড | বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড-এর প্রতিনিধি সিনেমা হল পরিদর্শন, তথ্য ক্যাডার কর্মকর্তাদের জন্য সহজে এ্যাক্রিডিটেশন কার্ড প্রদান, বাংলাদেশ টেলিভিশন ও সিনেমা ইনস্টিটিউটকে পরিচিত করতে পিআইডি ভূমিকা রাখার বিষয়গুলি তুলে ধরেন। | পারস্পারিক সহযোগিতা অব্যাহত রাখা এবং একান্ত অপরিহার্য কর্মকর্তাদের এ্যাক্রিডিটেশন কার্ড প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে মর্মে সিদ্ধান্ত হয়। | প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর এবং ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/১২/২০২০

সুরথ কুমার সরকার
প্রধান তথ্য অফিসার
ফোন: ৯৫৪৬০৯১

নং-১৫.৫২.০০০০.০১১.১৮.২৩১.১৮(অংশ-৭).১৪৬৮৯

তারিখ: ২৯.১২.২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: উপসচিব (প্রশাসন-৪ শাখা), তথ্য মন্ত্রণালয়)।
০২। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর/চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
০৩। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস এন্ড মিনিস্ট্রিয়াল পাবলিসিটি/প্রোটকল এন্ড লিয়াজোঁ/মনিটরিং/প্রশাসন ও অর্থ), তথ্য অধিদফতর, ঢাকা
০৫। উপপ্রধান তথ্য অফিসার (সংবাদকক্ষ/মনিটরিং এন্ড নিউজ ব্রিফ), তথ্য অধিদফতর, ঢাকা।
০৬। সিনিয়র তথ্য অফিসার, (প্রশাসন/সমন্বয়/প্রেসট্রেন্ড), তথ্য অধিদফতর, ঢাকা।
০৭। ফিচার রাইটার, তথ্য অধিদফতর, ঢাকা।
০৮। প্রশাসনিক, ক্রয়, অতিরিক্ত হিসাবরক্ষণ ও বিতরণ কর্মকর্তা,সহকারী প্রধান আলোকচিত্রগ্রাহক, তথ্য অধিদফতর, ঢাকা
০৯। প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।
১০। অতিরিক্ত প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।
১১। সংশ্লিষ্ট নথি।

২৯/১২/২০২০

মোহাম্মদ মাহমুদুল হাসান
সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন)
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা ((NIS)
ফোন: ৯৫৪৫৬৩৬